



বীর শহীদ
মো: রিপন

জন্ম তারিখ:	১ জানুয়ারি, ১৯৯০
শাহাদাতের তারিখ:	৭ আগস্ট, ২০২৪
বিভাগ:	চট্টগ্রাম
জেলা:	চট্টগ্রাম

শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা : দিনমজুর ,
শাহাদাতের স্থান : হৃদরোগ ইনস্টিটিউট

শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

মো: রিপনের বাড়ি লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলার ৬ নং লামচর ইউনিয়নের পানপাড়া গ্রামে। তিনি ওই গ্রামের দিনমজুর ফারুক হোসেন ইদ্রিস ও সুফিয়া বেগমের সন্তান। তার জন্ম নিজ গ্রামে। তার বয়স হয়েছিলো ৩৬ বছর। তিনি বিবাহিত ছিলেন। বর্তমানে তার ২ সন্তান। ১টি ছেলে সন্তান আছে, যে মানসিক প্রতিবন্ধী হিসেবে আছে। শহীদের বাবা মায়ের সাথে তার গ্রামের বাড়িতেই থাকেন। তার স্ত্রী শামিমা আক্তার রুমা চট্টগ্রামে একটি পোশাক কারখানা গার্মেন্টস কর্মী হিসেবে সামান্য বেতনে কাজ করেন। রিপনের মৃত্যুতে পরিবারটি বর্তমানে মানবেতর জীবন অতিবাহিত করছেন।

ঘটনা সংক্রান্ত বিবরণ

০৫ আগস্ট ২০২৪ বৈষম্যবিরোধী ছাত্রদের ১ দফা আন্দোলনের দাবির সাথে একমত পোষণ করে তিনি ঢাকার বংশাল থানার নতুন চৌরাস্তা মোড়ে আন্দোলনরত ছিলেন।

হাসিনা সরকার পতনের পরে বিজয়মিছিলে শরীক হয়েছিলেন। খুনি হাসিনা দেশ ত্যাগের আগে তার নিজস্ব বাহিনীকে গণহত্যার নির্দেশ দিয়েছিলেন। এজন্য সারাদিন জনতার বিজয়মিছিলে অসংখ্য মানুষ নিহত হন পুলিশ, র‌য়াব ও বিজিবির গুলিতে। রিপন রাজপথে অবস্থানের সময় রাত ১০ টায় পুলিশের গুলিতে আহত হন।

হত্যার বিচার চাইলেন শহীদ রিপনের পরিবার

শহীদ সম্পর্কে তার প্রতিবেশী হুমায়ুন কবীর বলেন তিনি একজন দেশপ্রেমিক ছিলেন, সর্বদা অন্যায়ের বিপক্ষে ছিলেন। তিনি সর্বদা পাঁচ ওয়াক্ত নামাজ পড়তেন। এছাড়া প্রতিবেশী নূর উদ্দীন জানান, তিনি কুরান ও সল্লাহ মোতাবেক চলা ফেরা করতেন। আমরা তার হত্যার বিচার দাবি করছি।

প্রস্তাবনা

১. শহীদের পিতার জন্য কোন ব্যবসা প্রতিষ্ঠান করে দিলে উপকার হবে
২. শহীদের স্ত্রীকে ভালো চাকুরীর ব্যবস্থা করে দেয়া
৩. সন্তানদের লেখা পড়ার খরচ বহন

একনজরে শহীদ সম্পর্কিত তথ্যাবলি

নাম : মো: রিপন

পেশা : দিনমজুর

বয়স : ৩৬ বছর

শহীদ হওয়ার তারিখ : ০৭ আগস্ট ২০২৪, আনুমানিক সন্ধ্যা ০৭.৩০ টা

শাহাদাত বরণের স্থান : হৃদরোগ ইনস্টিটিউট

দাফন করা হয় : পানপাড়া গ্রামের ছত্তার ভইয়ার বাড়ি

স্থায়ী ঠিকানা : গ্রাম- পশ্চিম ডলার, ইউনিয়ন- পাটরিহাট, উপজেলা- হাটহাজারী, জেলা- চট্টগ্রাম

পিতা : ফারুক হোসেন ইদ্রিস

মাতা : সুফিয়া বেগম

সন্তানের বিবরণ : ২ জন

উর্মি আক্তার বয়স- ১৩

মো: তুহিন বয়স- ০৫

পবিত্র করআনের বাণী

আর যারা আল্লাহর পথে নিহত হয়েছে তাদেরকে মৃত বলো না; বরং তারা জীবিত; কিন্তু তোমরা উপলব্ধি করতে পার না। (সূরা আল-বাকার ২:১৫৪)

হাদীস শরীফ

হজরত আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “শহীদদের আত্মা সবুজ পাখির পেটে থাকে।” (সহীহ মুসলিম ১৮৮৭)

দোয়া পাঠ: ০ জন

শহীদদের স্মৃতিচিত্র ও ফটো গ্যালারি

